ব্রি
বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট

## শস্যক্রমের উপকারিতা

সেচ নির্ভর উঁচু থেকে মাঝারি উঁচু জমিতে রোপা আমন ধান কাটা এবং বোরো ধান রোপণের মধ্যবর্তী ৮০-৯০ দিন স্বাভাবিক অবস্থায় জমি পতিত থাকে। এ সময়ে সরিষা চাষ করে ১ বিঘা জমিতে প্রায় ১০০-১২০ কেজি (প্রায় ২.৫-৩ মণ) সরিষা উৎপাদন করা যায়।


## শস্যক্রম চাষের উপযুক্ত এলাকা

সেচ সুবিধা প্রাপ্ত উঁচু থেকে মাঝারি উঁচু (বর্ষা মৌসুমে ৪০ সেন্টিমিটার বা ১৬ ইঞ্চি গভীরতায় প্লাবিত হয়) জমির জন্য রোপা আমন (বিআর১১/ব্রি ধান৩২/ব্রি ধান৪৯) - সরিষা (বারি সরিষা৯) - বোরো (ব্রি ধান২৮/ব্রি ধান২৯) একটি উপযোগী এবং লাভজনক শস্যক্রম।

## চাষ পদ্ধতি

| ফসল | বপন সময় | রোপণ সময় |
|---|---|---|
| রোপা আমন | আষাঢ় মাসের প্রথম সপ্তাহ | আষাঢ় মাসের শেষ থেকে শ্রাবণের প্রথম সপ্তাহ |
| সরিষা | ২৫ কার্তিক থেকে অগ্রহায়ণের প্রথম সপ্তাহ | - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - |
| বোরো | ১০ থেকে ১৫ পৌষ (ব্রি ধান২৮)<br>০১ থেকে ০৫ পৌষ (ব্রি ধান২৯) | ২০ থেকে ৩০ মাঘ |

- সরিষার জন্য জমি তৈরির সময় শেষ চাষের সাথে ১ বিঘা জমিতে ১২ কেজি ইউরিয়া, ২০ কেজি টিএসপি, ৯ কেজি এমপি এবং ১৫ কেজি জিপসাম মাটির সাথে মিশিয়ে দিতে হবে। গাছে ফুল আসার সময় ১২ কেজি ইউরিয়া উপরিপ্রয়োগ করে প্রয়োজনে সেচ দিতে হবে।
- সরিষা ফসলে উল্লিখিত পরিমাণ সার প্রয়োগ করলে বোরো চাষের সময় অর্ধেক মাত্রায় টিএসপি, এমপি, জিপসাম এবং পূর্ণ মাত্রায় ইউরিয়া উপরিপ্রয়োগ করতে হবে।
- ধান চাষের জন্য অন্যান্য প্রয়োজনীয় কার্যাবলী স্বাভাবিক নিয়মে করতে হবে।



সরিষা    বোরো ধান    আমন ধান

| কার্তিক | অগ্রহায়ণ | পৌষ | মাঘ | ফাল্গুন | চৈত্র | বৈশাখ | জৈষ্ঠ্য | আষাঢ় | শ্রাবণ | ভাদ্র | আশ্বিন |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | | | |

| | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| অক্টো | নভেম্বর | ডিসেম্বর | জানুয়ারি | ফেব্রুয়ারি | মার্চ | এপ্রিল | মে | জুন | জুলাই | আগস্ট | সেপ্টেম্বর | অক্টো |

ফসল উৎপাদন পঞ্জিকা

আরো তথ্যের জন্য ঃ
পরিচালক (গবেষণা), ব্রি, গাজীপুর-১৭০১ ই-মেইলঃ dr@brri.gov.bd